

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয় কর্মকর্তার কার্যালয়  
আগৈলঝাড়া, বরিশাল।

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :


সভাপতি : মলিনা রাণী রায়  
মহিলা ভাইস চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।  
সভার স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ  
সভার তারিখ : ৩০/০৮/২০২২ খ্রিঃ  
সময় : সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সভার সদস্যবৃন্দ হাজিরা পরিশিষ্ট 'ক' তে লিপিবদ্ধ আছে।

সভার শুরুতে মহান সৃষ্টিকর্তার স্মরণে সভাপতি মহোদয় সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর তিনি কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয় কর্মকর্তাকে সভার পরবর্তী কার্যক্রম চালিয়ে নেওয়ার জন্য অনুরোধ জানান। সভার সদস্য সচিব পূর্ববর্তী সভার মন্তব্য পাঠ করেন এবং উহা সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভার সদস্য সচিব জনাব মোসাম্মৎ দৌলাতুন নেছা নাজমা উপস্থিত সকল সদস্যবৃন্দের অবগতির জন্য উপস্থাপন করেন যে, প্রতি বছরের ন্যায় ২৫নভেম্বর/২২ হইতে ৯ডিসেম্বর/২২ পর্যন্ত “আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ” এ ৫টি ক্যাটাগরিতে ৫জন “জয়িতা” নির্বাচন করা হবে। পাঁচটি ক্যাটাগরি যেমনঃ অর্থনীতিক্ষেত্রে সফলতা অর্জন করেছে যে, সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছে যে, নির্যাতনের ভিবিধিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন গড়েছে যে, শিক্ষা ও চাকুরি ক্ষেত্রে সফলতা অর্জন করেছে যে ও সফল জননী হয়েছে যে নারী। উক্ত ক্যাটাগরির ধারাবাহিকতা বজায় রেখে উপজেলার বিভিন্ন অঞ্চল থেকে সফল নারীদের আবেদন করার বিষয়ে উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় আলোচনা করা হয় এবং বিষয়টি ব্যাপক প্রচারের অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত : উপরোল্লিখিত বিষয় যাতে সঠিক ভাবে প্রতিপালন করা হয় উহা তদারকি করার জন্য উপজেলা মহিলা বিষয় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল সদস্যদের অনুরোধ জানানোসহ আগামী উপজেলা মাসিক সমন্বয় সভায় উহা উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মলিনা রাণী রায়)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি


উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি  
আগৈলঝাড়া, বরিশাল।

স্মারক নং উমবিককা /আগৈল /বরি / ২৬০

তারিখ : ৩০/০৮/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
- ০৩। জনাব ..... সদস্য, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি।
- ০৪। অফিস কপি।

  
৩০.০৮.২২  
(মোসাম্মৎ দৌলাতুন নেছা নাজমা)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি  
আগৈলঝাড়া, বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয় কর্মকর্তার কার্যালয়  
আগৈলঝাড়া, বরিশাল।

### নোটিশ

এতদ্বারা উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০/০৮/২০২২ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সময়ে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

  
(মলিনা রাণী রায়)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি  
আগৈলঝাড়া, বরিশাল।

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
- ০৩। জনাব ..... সদস্য, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি।
- ০৪। অফিস কপি।